

শাহবাগে আবারও ফিরে আসলেন প্রাথমিক-এনটিআরসি এন্ড নিবন্ধিত নিয়োগ প্রত্যাশীরা

সংবাদ অনলাইন রিপোর্ট

: সোমবার, ১০ ফেব্রুয়ারী ২০২৫



পুলিশের লাঠিপেটা, জলকামান ও টিয়ারগ্যাসের মুখে সড়ক ছাড়তে বাধ্য হওয়া প্রাথমিক বিদ্যালয়ের সুপারিশপ্রাপ্ত শিক্ষক ও এনটিআরসি এন্ড নিবন্ধিত নিয়োগ প্রত্যাশীরা আবারও শাহবাগে ফিরে এসেছেন।

আন্দোলনের নেতা তালুকদার পিয়াস জানান, "আমরা জাতীয় জাদুঘরের সামনে সড়কের একপাশে পলিথিন বিছিয়ে অবস্থান নিয়েছি। এখানেই রাত কাটাবো।"

তবে পুলিশের মতে, তারা দুপুরের মত মূল সড়কের পাশে অবস্থান না করে সড়কের একপাশে পলিথিন বিছিয়ে বসায় যান চলাচলে সমস্যা হচ্ছে।

আজ দুপুর দেড়টার দিকে আন্দোলনকারীরা শাহবাগে জাতীয় জাদুঘরের সামনে জড়ো হয়ে বিভিন্ন স্লোগান দিতে থাকেন এবং নিয়োগ বাতিলের

প্রতিবাদ জানাতে থাকেন। পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে লার্টিপেটা
করে এবং সাউন্ড গ্রেনেড ব্যবহার করে।

সামাজিক যোগাযোগ মাধ্যমে এক নারী আন্দোলনকারীকে জলকামান
থেকে ছোড়া পানির তোড়ে পড়ে যেতে দেখা যায়, এসব ভিডিও শেয়ার
দিয়ে পুলিশের সমালোচনা করছেন অনেকে।

ঢাকা মহানগর পুলিশের জনসংযোগ বিভাগের উপকমিশনার মুহাম্মদ
তালেবুর রহমান বলেন, “শাহবাগে রাস্তা বন্ধ করা হয়েছিল, যা যান
চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি করছিল। পুলিশ পরিস্থিতি স্বাভাবিক রাখার
জন্য যা প্রয়োজন ছিল, তা করেছে।”

এরপরও আন্দোলনকারীরা বিকেলে শাহবাগে অবস্থান নেন। গত
বৃহস্পতিবার হাইকোর্টের আদেশে ঢাকা ও চট্টগ্রাম বিভাগের প্রাথমিক
বিদ্যালয়ের শিক্ষক পদে কোটায় নির্বাচিত ৬,৫৩১ জনের ফল বাতিল হয়
এবং মেধার ভিত্তিতে নতুন ফল প্রকাশের নির্দেশ দেওয়া হয়। এই আদেশ
প্রত্যাহারের দাবিতে আন্দোলন অব্যাহত রেখেছেন চাকরিপ্রত্যাশীরা।